দৈনিক ইত্তেফাক

তারিখ ... 26.DEC. 1998 ...
পৃষ্ঠা ... কলাম ...

৭

# বিধি বহির্ভূতভাবে স্কুলের নাম পরিবর্তন ❑ এলাকায় তীব্র ক্ষোভ

বাউফল সংবাদদাতা ।। বাউফল থানার কাছিপাড়া হাইস্কুলটির নাম বিধি বহির্ভূতভাবে পরিবর্তন করায় এলাকাবাসীর মধ্যে তীব্র ক্ষোভের সঞ্চার হইয়াছে। জানা যায় স্কুলটি ১৯২৮ সালে এলাকার দানশীল ব্যক্তি

( ১১ পৃঃ দ্রঃ )

## বিধি বহির্ভূতভাবে

( ৩য় পৃঃ পর )

মনরঞ্জন ভট্টাচার্যের ঐকান্তিক প্রচেষ্টায় শিক্ষানুরাগীদের সহযোগিতায় প্রতিষ্ঠিত হয়। কিন্তু সম্প্রতি এলাকার ধনাঢ্যব্যক্তি আবদুর রশিদ মিয়া সরকারী বিধি উপেক্ষা করিয়া (সরকারী বিধি মোতাবেক স্কুল নাম পরিবর্তনের ক্ষেত্রে ১০ লাখ টাকা স্কুলে দান না করিয়া) অতি সংগোপনে ঐ স্কুলের নাম পরিবর্তন করিয়া কাছিপাড়া আবদুর রশিদ উচ্চ-মাধ্যমিক বিদ্যালয় নাম করণ করিয়াছেন। নাম পরিবর্তনের ঘটনা এলাকায় জানাজানি হইলে ঐ এলাকাবাসী স্কুলের পূর্বের নাম বহাল রাখার জন্য এলাকার বস্ত্র প্রতিমন্ত্রী আ,খ,ম জাহাঙ্গীর হোসাইনের সুপারিশসহ শিক্ষামন্ত্রণালয়ে আবেদন জানাইলেও সংশ্লিষ্ট মন্ত্রণালয় অদ্যাবধি কোন ব্যবস্থা গ্রহণ করেন নাই।

OF ___ SHEETS